# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আসরের আগে ৪ রাকাত সালাত আদায় করে, তার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক রহমত প্রাপ্তির দু‘আ

ذِكْرُ دُعَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالرَّحْمَةِ لِمَنْ صَلَّى قَبْلَ الْعَصْرِ أَرْبَعًا

আরবী

2444 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ حَدَّثَنَا أَبُو دَاوُدَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مِهْرَانَ حَدَّثَنِي جَدِّي أَبُو الْمُثَنَّى عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رَحِمَ الله امرءاً صلَّى قبل العصر أربعاً)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2444 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (1154).

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو الْمُثَنَّى ـ هَذَا ـ: اسْمُهُ مُسْلِمُ بْنُ الْمُثَنَّى مِنْ ثِقَاتِ أَهْلِ الْكُوفَةِ وَقَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَرْبَعًا) أَرَادَ بِهِ بِتَسْلِيمَتَيْنِ لِأَنَّ فِي خَبَرِ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ الْأَزْدِيِّ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلَاةُ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مثنى)

صحيح ـ ((صحيح أبي داود)) (1172).

বাংলা

২৪৪৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আল্লাহ ঐ ব্যক্তির প্রতি রহম করুন, যে ব্যক্তি আসরের আগে ৪ রাকা‘আত সালাত আদায় করে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের রাবী আবুল মুসান্নার নাম মুসলিম বিন মুসান্না। তিনি

কুফার একজন নির্ভরযোগ্য রাবী।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “চার রাকা‘আত” দ্বারা উদ্দেশ্য হলো দুই সালামে চার রাকা‘আত পড়া। কেননা ইয়ালা বিন আতা আলী বিন আব্দুল্লাহ আল আযদীর মাধ্যমে আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণনা করেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “দিন ও রাতের (নফল-সুন্নাত) সালাত দুই দুই রাকা‘আত করে।” –সহীহ আবূ দাঊদ: ১১৭২, হাদীস সহীহ।”

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১৯৩৬; সুনান বাইহাকী: ২/৪৭৩; আবূ দাঊদ: ১২৭১; তিরমিযী: ৪৩০; বাগাবী: ৮৯৩; মুসনাদ আহমাদ: ২/১১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৫৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91769

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন